

প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় রাজস্ব বোর্ডের কর বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের পেশাগত জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির জন্য বিভিন্ন ধরনের বিষয়ভিত্তিক প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এরই ধারাবাহিকতায় আজ ০৩ জানুয়ারী ২০১৬ তারিখ দুপুর ০২:০০ ঘটিকায় ঢাকাস্থ বিসিএস (কর) একাডেমীর সম্মেলন কক্ষে অতিরিক্ত সহকারী কর কমিশনারদের বুনীয়াদী প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠান আয়োজন করা হয়। ০২ (দুই) মাসব্যাপী এ প্রশিক্ষণ কর্মসূচীতে কর বিভাগের অধীন বিভিন্ন কর কমিশনারেটের অতিরিক্ত সহকারী কর কমিশনার পদমর্যাদার ২৪ (চব্বিশ) জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।


সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড জনাব মোঃ নজিবুর রহমান প্রধান অতিথি হিসেবে অতিরিক্ত সহকারী কর কমিশনারদের বিভাগীয় বুনীয়াদী প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা) জনাব মোঃ আব্দুর রাজ্জাক বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে আয়কর অনুবিভাগের সকল সদস্যসহ অন্যান্যদের মধ্যে জাতীয় রাজস্ব বোর্ডের সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল (সিআইসি) এর মহাপরিচালক জনাব মোঃ বেলাল উদ্দিন, বিসিএস (কর) একাডেমীর মহাপরিচালক ড. খন্দকার মোঃ ফেরদৌস আলমসহ কর বিভাগের উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির দিক-নির্দেশনামূলক বক্তব্যে সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড জনাব মোঃ নজিবুর রহমান সকলকে ইংরেজি নতুন বছরের শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে বলেন, জাতীয় জীবনের সর্বত্র একটি রাজস্ব বান্ধব সংস্কৃতি সৃজন করার লক্ষ্যে বর্তমান রাজস্ব প্রশাসনের গৃহীত 'সুশাসন ও উন্নততর ব্যবস্থাপনা নীতি' যথাযথ বাস্তবায়নে কর কর্মকর্তাদের বিষয়ভিত্তিক প্রশিক্ষণ গ্রহণের এ উদ্যোগ অত্যন্ত প্রশংসনীয় ও সমরোপযোগী। রাজস্ব আহরণ কার্যক্রমের সাথে সম্পৃক্ত কর বিভাগের সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীগণ সেবার মানসিকতা নিয়ে সততা ও নিষ্ঠার সাথে অবিরাম কাজ করে যাচ্ছে। ফলে সম্মানিত করদাতাগণ উৎসবমুখর পরিবেশে কর অফিসগুলো থেকে নিয়মিতভাবে কর সেবা পাচ্ছেন।

তিনি আরো বলেন, সরকার ঘোষিত 'রূপকল্প-২০২১' অনুযায়ী ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশ ২০৪১ সালে একটি সুখী, সমৃদ্ধ, শিক্ষিত, শক্তিশালী, স্বাবলম্বী ও উন্নত বাংলাদেশ বিনির্মাণে দেশের সামগ্রিক অর্থনৈতিক অগ্রগতি সাধন ও অভ্যন্তরীণ সম্পদ আহরণ জোরদার করার দৃঢ় প্রত্যয়ে জাতীয় রাজস্ব বোর্ড মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নির্দেশনা অনুসারে জনগণের উপর করের বোঝা না বাড়িয়ে করের আওতা বা করনেট সম্প্রসারণের সিদ্ধান্ত নিয়েছে। এ সিদ্ধান্ত সফলভাবে বাস্তবায়নের ক্ষেত্রে অতিরিক্ত সহকারী কর কমিশনারদের আরো দক্ষতার সাথে কাজ করতে হবে এবং সকল ক্ষেত্রে করদাতা-বান্ধব পরিবেশ বজায় রাখতে হবে। এ ক্ষেত্রে এই বুনীয়াদী প্রশিক্ষণ অত্যন্ত কার্যকর ভূমিকা রাখবে উল্লেখ করে তিনি প্রশিক্ষণার্থীদেরকে আন্তরিকতা, প্রজ্ঞা এবং যথাযথ মনোযোগের সাথে প্রশিক্ষণ গ্রহণ এবং পরবর্তীতে এ প্রশিক্ষণলব্ধ জ্ঞান সঠিকভাবে জনকল্যাণে কাজে লাগানোর জন্য নির্দেশনা দেন।

পরিশেষে, সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড জনাব মোঃ নজিবুর রহমান বলেন, দেশের অভ্যন্তরীণ রাজস্ব আয়ের প্রায় ৮৫ ভাগ জাতীয় রাজস্ব বোর্ড আহরণ করে থাকে। এর মধ্যে ১ লক্ষ ৭৬ হাজার ৩ শত ৭১ কোটি টাকা রাজস্ব আহরণের গুরুদায়িত্ব জাতীয় রাজস্ব বোর্ডের। এ বৃহৎ লক্ষ্যমাত্রা অর্জন একটি সর্বজন স্বীকৃত চ্যালেঞ্জিং কাজ। এ রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জনের জন্য আমাদের সকলকে নিরলসভাবে কাজ করে যেতে হবে।

বর্ণিত সংবাদ বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত মিডিয়ায় প্রচারের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বিনয় অনুরোধ করা হলো।

  
(সৈয়দ এ, মু'মেন)  
সিনিয়র তথ্য কর্মকর্তা

প্রাপকঃ  
বার্তা সম্পাদক  
সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া।